

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৫৭

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৩

ইকফাই বিশ্ববিদ্যালয় পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সকালে কামালঘাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। রাজ্যপালকে বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথ ও ফ্যাকাল্টি সদস্যগণ। রাজ্যপাল ইকফাই বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে রেজিস্ট্রার ও অন্যান্য ফ্যাকাল্টি সদস্যদের সাথে মতবিনিময় করেন। পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পঠন পাঠন নিয়ে রাজ্যপালকে অবহিত করা হয়। রেজিস্ট্রার ও অন্যান্যদের সাথে আলোচনাকালে রাজ্যপাল পঠন পাঠনের ক্ষেত্রে স্থানীয় ভাষা বিশেষ করে ককবরক ভাষার উপর গুরুত্ব দিতে নির্দেশ দেন। তিনি বিশ্ববিদ্যালয়ে দিব্যাজন ও তাদের অভিভাবকদের দিকে বিশেষভাবে নজর দেওয়ার উপরও গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে ওয়াল ম্যাগাজিনের উদ্বোধন করেন। আইন বিভাগের ছাত্রছাত্রীরা মাদক ব্যবহারের কুফল ও পণপ্রথা সম্পর্কে একটি সংক্ষিপ্ত নাটক মঞ্চস্থ করে। বিশ্ববিদ্যালয় পরিদর্শনের সময় রাজ্যপালের সঙ্গে ছাত্রছাত্রীরাও সাক্ষাৎ করেন। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে রাজ্যপাল একটি বৃক্ষরোপণও করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিও ঘুরে দেখেন।
